গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
রাজস্ব শাখা
www.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০২৮.১১.০০৭.২৫. ২৭১৮ তারিখ : ৩০ আশ্বিন ১৪৩২ / ১৫ অক্টোবর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখার ১৫/০৯/২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.২১২.১২.৫৭৬ নং স্মারকে প্রদত্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে পাবনা জেলার রাজস্ব প্রশাসনের আওতাধীন শাখাসমূহ, উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসমূহে নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে প্রচলিত নিয়োগ বিধি অনুযায়ী সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত পাবনা জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে online এ (https://dcpabna.teletalk.com.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতিত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | অফিস সহায়ক | ১৮ (আঠারো) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলী:

১.প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও পাবনা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২.বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৩.সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

**৪.লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:**

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy);
খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র;
গ) পৌরসভার/ইউনিয়ন পরিষদ/সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ;
ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার প্রশাসক/সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা নবম গ্রেড তদূর্ধ্ব গেজেটেড কর্মকর্তা (প্রাক্তন প্রথম শ্রেণি) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
ঙ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে স্মার্ট এনআইডির অনলাইন কপি সত্যায়নপূর্বক মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে;
চ) কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;
ছ) যথাযথ কতৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
জ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

৫. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৪ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১ নং প্রজ্ঞাপনে জারীকৃত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য আবেদনের ক্ষেত্রে প্রার্থী তার দাবীর স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমানক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবী অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তিনি সাধারণ প্রার্থী হিসেবে বিবেচিত হবেন। কোটায় নিয়োগের সুপারিশের জন্য প্রার্থীদের সনদ/প্রমানক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইঅন্তে উক্ত সনদ সঠিক বলে প্রমাণিত হতে হবে।

৬. এই নিয়োগ বিজ্ঞপ্তি ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ এর আলোকে সম্পন্ন করা হবে।

৭. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

৮. প্রার্থীর বয়সসীমা ২০/১১/২০২৫ খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৯. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোনো প্রার্থী অসুদপায় অবলম্বন করলে কিংবা প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থিতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ দেয়া হবে না।

১১. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১২. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**১৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://dcpabna.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২২/১০/২০২৫ সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০/১১/২০২৫ বিকাল ০৫.০০ টা।

iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যেকোন teletalk Pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র জমাদানের পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক সাম্প্রতিক তোলা ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy ডাউনলোড ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো teletalk Pre-paid মোবাইল নম্বর হতে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ৫০.০০ (পঞ্চাশ) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ০৬.০০ (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬.০০ (ছাপান্ন) টাকা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ আবেদন ফি বাবদ ৫০.০০ (পঞ্চাশ) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ০৬.০০ (ছয়) টাকা সহ অফেরতযোগ্য মোট ৫৬.০০ (ছাপান্ন) টাকা পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে জমা দেবেন। উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**SMS এর মাধ্যমে আবেদন ফি জমাদানের নিয়মাবলী :**

**প্রথম SMS :** DCPABNA [ space] User ID লিখে Send করতে হবে 16222নম্বরে।

Example: DCPABNA ABCDEF Send to 16222

Reply: Applicant's Name, Tk-56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCPABNA [Space] YES [ Space] PIN and send to 16222.

**দ্বিতীয় SMS :** **DCPABNA** [space] **Yes** [space] **PIN** লিখে **Send** করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **DCPABNA** YES 12345678 Send to16222

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DCPABNA Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

ছ. SMS-এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নেবেন। প্রার্থীর প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক ভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ঝ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dcpabna.teletalk.com.bd অথবা জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা'র www.pabna.gov.bd তথ্য বাতায়নে এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

ঞ. শুধু Teletalk Pre-paid মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **DCPABNA** [space] **Help** [space] **User** [space] **User ID** & Send to 16222.

(ii) Example: **DCPABNA** Help User ABCDEF & Send to 16222.

(iii) PIN জানা থাকলেঃ **DCPABNA** [space] Help [space] PIN [space] **PIN NO** & Send to 16222.

Example: **DCPABNA** Help PIN **12345678** & Send to 16222.

ট. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, পাবনার http://www.pabna.gov.bd ওয়েবসাইট এবং https://dcpabna.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://www.pabna.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঠ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে, যেকোনো টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ নম্বরে অথবা ই-মেইল alljobs.query@teletalk.com.bd এ যোগাযোগ করা যাবে।

বি.দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করার পরামর্শ দেয়া যাচ্ছে।

২৫/১০/২৫

মোহাম্মদ মফিজুল ইসলাম
জেলা প্রশাসক
পাবনা
ফোন নম্বর: +৮৮০২৫৮৮৮৪৫৪৯৯ (অফিস)
ই-মেইল: dcpabna@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০২৮.১১.০০৭.২৫. ২৭৭৮(২৩) তারিখ : ৩০ আশ্বিন ১৪৩২ / ১৫ অক্টোবর ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
০৩। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
০৫। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৬। জেলা প্রশাসক, ................................ (সকল)
০৭। পুলিশ সুপার, পাবনা
০৮। সিভিল সার্জন, পাবনা
০৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা
১০। উপ পরিচালক, স্থানীয় সরকার, পাবনা
১১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/ (শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা
১২। প্রশাসক, ................................ (সকল) পৌরসভা, পাবনা[বিজ্ঞপ্তিটি তাঁর অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ]।
১৩। জেলা..................................কর্মকর্তা, পাবনা (জেলা পর্যায়ের কর্মকর্তা সকল) [বিজ্ঞপ্তিটি তাঁর অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ]।
১৪। উপজেলা নির্বাহী অফিসার, ................................ (সকল), পাবনা [বিজ্ঞপ্তিটি তাঁর অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ]।
১৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৬। সহকারী কমিশনার (ভূমি), ................................ (সকল), পাবনা [বিজ্ঞপ্তিটি তাঁর অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ]।
১৭। নেজারত ডেপুটি কালেক্টর/রেভিনিউ ডেপুটি কালেক্টর/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/জেনারেল সার্টিফিকেট অফিসার/ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।
১৮। সিনিয়র জেলা তথ্য অফিসার, পাবনা [বিজ্ঞপ্তিটি জেলার প্রতিটি উপজেলায় বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ]।
১৯। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাবনা [বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ]।
২০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পাবনা
২১। সম্পাদক, ............................................। তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ...................... তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য তার দৈনিক পত্রিকায় ভিতরের পাতায় স্বাভাবিক ছোট অক্ষরে সিঙ্গোল স্পেসে ০৩ (তিন) কলামে একবার প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৩ (তিন) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো
২২। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১তলা), হোল্ডিং#৩/এ, ৫/এ, ৭/এ, রোড#১৭গুলশান-১, ঢাকা-১২১২ (তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
২৩। নোটিশ বোর্ড/অফিস কপি

১৫/১০/২৫

জেলা প্রশাসক
পাবনা